

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৪২

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ যেই কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সিয়াম ভঙ্গ করার নির্দেশ দিয়েছিলেন তার বিবরণ

ذَكَرُ السَّبَبِ الَّذِي مِنْ أَجْلِهِ أَمَرَهُمْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْإِفْطَارِ

আরবী

3542 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ قَالَ: حَدَّثَنَا حَبَّانُ بْنُ مُوسَى قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ عَنْ الْجُرَيْرِيِّ عَنْ أَبِي نَضْرَةَ: عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ: قَالَ لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى نَهْرٍ مِنْ مَاءِ السَّمَاءِ وَهُوَ عَلَى بَغْلَةٍ لَهُ وَالنَّاسُ صِيَامٌ فَقَالَ: (اشْرَبُوا) فَجَعَلُوا يَنْظُرُونَ إِلَيْهِ فَقَالَ: (اشْرَبُوا فَإِنِّي رَاكِبٌ وَإِنِّي أَيْسَرُكُمْ وَأَنْتُمْ مُشَاةٌ) فَجَعَلُوا يَنْظُرُونَ إِلَيْهِ فَحَوَّلَ وَرَكَهُ فَشَرِبَ وَشَرَبَ النَّاسُ
الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيُّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :
التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3542 | خلاصة حكم المحدث: صحيح - ((التعليق على ((صحيح ابن خزيمة)))) (3/ 256/2022).

বাংলা

৩৫৪২. আবু সাঈদ খুদরী রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদিন আসমানের পানির জলাধারের নিকট তাঁর খচ্চরের উপর ছিলেন, আর লোকজন সিয়ামরত অবস্থায় ছিলেন, তখন তিনি আমাদেরকে বলেন, “তোমরা পানি পান করো।” তখন লোকজন তাঁর দিকে তাকাতে লাগলেন। তিনি আবারো বলেন, “তোমরা পানি পান করো, কেননা নিশ্চয়ই আমি বাহনে আরোহী অবস্থায় আছি। আমি তোমাদের চেয়ে সহজ অবস্থায় আছি। আর তোমরা পদব্রজ অবস্থায় রয়েছে।” তখন লোকজন তাঁর দিকে তাকাতে লাগলেন। অতঃপর তিনি ঘুরে বসেন এবং পানি পান করেন। অতঃপর লোকজনও পানি করে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪/৫৭)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92876>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন